# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৯৩

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১২৪. সফরে বিতরের সালাত পড়া।

بَاب مَا جَاءَ فِي الْوِتْرِ فِي السَّفَرِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سِنَانٍ، وَإِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، قَالاَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَنْبَأَنَا شُعْبَةُ، عَنْ جَابِرٍ، عَنْ سَالِمٍ، عَنْ أَبِيهِ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يُصَلِّي فِي السَّفَرِ رَكْعَتَيْنِ لاَ يَزِيدُ عَلَيْهِمَا وَكَانَ يَتَهَجَّدُ مِنَ اللَّيْلِ . قُلْتُ وَكَانَ يُوتِرُ قَالَ نَعَمْ .

বাংলা

১/১১৯৩। আবদুল্লাহ বিন উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফরে দু রাকআত (ফরয) সালাত আদায় করতো, তার চেয়ে বেশি পড়তেন না। আর তিনি তাহাজ্জুদ সালাতও পড়তেন। আমি বললাম, তিনি কি বিতর সালাত (নামায/নামাজ) আদায় করতো? তিনি বলেন, হ্যাঁ।

## English

It was narrated from Salim that his father said:
“The Messenger of Allah (ﷺ) used to pray two Rak’ah while traveling, and he did not do more than that. And he used to pray Tahajjud at night.” I asked: “Did he pray Witr?” He said: “Yes.”

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: ইবনু মাজাহ ১১৯৪, আহমাদ ২১৫৭।

তাহক্বীক্ব আলবানী: যঈফ জিদ্দান। তাখরীজ আলবানী: নাসায়ী ১৪৫৭ হাসান সহীহ। উক্ত হাদিসের রাবী জাবির (বিন ইয়াযীদ ইবনুল হারিস) সম্পর্কে ওয়াকী ইবনুল জাররাহ সিকাহ বললেও আহমাদ বিন হাম্বল বলেন, তিনি মিথ্যা কথা বলেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি মিথ্যুক। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি নির্ভরযোগ্য নন। আল-জাওযুজানী তাকে মিথ্যুক বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=14213

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন